

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, গাজীপুর
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
www.gazipur.gov.bd

নম্বর: ০৫.৪১.৩৩০০.০১৪.১৪.০০৭.২৪.০৬

তারিখ: ২১ পৌষ ১৪৩১
০৫ জানুয়ারি ২০২৫


ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের চূড়ান্ত তালিকা সংক্রান্ত গণবিজ্ঞপ্তি-৩

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জুলাই-আগস্টের ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে অংশগ্রহণ করে প্রতিপক্ষের আক্রমণে যারা শহীদ বা আহত হয়েছেন তাদের নামের তালিকা চূড়ান্তকরণের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, ৬৪টি জেলায় গঠিত জেলা কমিটি এবং 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই অংশ হিসেবে গণঅভ্যুত্থানে শহীদ ও আহত ব্যক্তিদের প্রথম ধাপের চূড়ান্ত নামের তালিকা ইতোমধ্যে <https://medical-info.dghs.gov.bd/public> ওয়েব পেজে প্রকাশ করা হয়েছে।

২। গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই হতে ৫ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে প্রতিপক্ষের আক্রমণে যারা শহীদ বা আহত হয়েছেন কিন্তু উল্লিখিত প্রথম ধাপের চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্ত হননি এমন ব্যক্তি/ব্যক্তিদের নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহবান করা হয়েছে।

৩। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট শহীদ ও আহত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, হাসপাতালে চিকিৎসা গ্রহণের প্রমাণপত্র এবং উপযুক্ত প্রমাণকসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় অথবা জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন অথবা গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল এর দলনেতা বরাবর আগামী ৩১ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত আবেদন করা যাবে।

এমতাবস্থায়, গণবিজ্ঞপ্তি জরুরি ভিত্তিতে প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়ায় বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৫/০১/২০২৫
সালমা খাতুন

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
গাজীপুর

ফোন: ০২-৪৯২৭৩০১০

E-mail: admgazipur2015@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর/কালীগঞ্জ/কাপাসিয়া/শ্রীপুর/কালিয়াকৈর, গাজীপুর
- ২। জেলা তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, গাজীপুর
(গণবিজ্ঞপ্তি বহল প্রচারের ব্যবস্থাসহ)
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,
গাজীপুর (গণবিজ্ঞপ্তি ওয়েবপোর্টালে আপলোডের অনুরোধসহ)

নম্বর: ০৫.৪১.৩৩০০.০১৪.১৪.০০৭.২৪.

তারিখ: ১৪ পৌষ ১৪৩১
০৫ জানুয়ারি ২০২৫

অনুলিপি: সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ০৩। দলনেতা (অতিরিক্ত সচিব), গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। সহকারী কমিশনার (গোপনীয়), গাজীপুর (বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৫। অফিস কপি।

||
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
গাজীপুর